

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 29.09.2024

Time: 7.50 P.M

বিশেষ বিশেষ খবর -

১/ অন্য রাজ্য থেকে ছাড়া জলে বাংলাকে ভাসতে হয় বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি খেদ ব্যক্ত করেছেন। আজ উত্তরকন্যায় প্রশাসনিক বৈঠকে উত্তরবঙ্গের বন্যা পরিস্থিতি খতিয়ে দেখেছেন তিনি।

২/ সুপ্রিম কোর্টে আগামীকাল RG Kar মামলার শুনানি।

এদিকে, স্বাস্থ্য কর্মীদের আক্রান্ত হওয়ার প্রতিবাদে সাগর দত্ত হাসপাতালে জুনিয়ার ডাক্তারদের কর্ম বিরতি চলছে। বাড়ানো হয়েছে পুলিশী নিরাপত্তা।

৩/ নতুন ধরনের কর্ম সংস্থানের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ‘ক্রিয়েট ইন ইন্ডিয়া’ চ্যালেঞ্জ-এ অংশ নিতে প্রধানমন্ত্রী যুবদের প্রতি আহ্বান জানিয়েছেন।

আকাশবাণীতে আজ মন কি বাত অনুষ্ঠানে স্বচ্ছতাকে অভ্যাসে পরিণত করার এবং বৃষ্টির জল ধরে রাখার ওপর বিশেষ গুরুত্ব দেন তিনি।

৪/ উত্তরবঙ্গে বৃষ্টি আপাতত কমেছে। তবে, দোসরা অক্টোবর থেকে ফের বৃষ্টির পরিমাণ বাড়ার সম্ভাবনা।

অন্য রাজ্য থেকে ছাড়া জলে বাংলাকে ভাসতে হয় বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি খেদ ব্যক্ত করেছেন। আজ শিলিগুড়ির উত্তরকন্যায় এক প্রশাসনিক বৈঠকে উত্তরবঙ্গের বন্যা পরিস্থিতি খতিয়ে দেখার পর আবারো কেন্দ্রের বিরুদ্ধে ক্ষোভ উগড়ে দেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, ডিভিসি যদি জলাধারগুলিতে ড্রেজিং করতো, তাহলে জল ধারণ ক্ষমতা বাড়তো। এরাজ্যের জেলাগুলিকে বন্যায় ভাসতে হতো না। প্রশাসনকে ক্ষতিগ্রস্ত এলাকায় ত্রাণ ও পুনর্বাসন এবং বন্যা দুর্গতদের সবারকম সাহায্যের নির্দেশ দিয়ে মুখ্যমন্ত্রী অভিযোগ করেন, কেন্দ্রের কাছ থেকে বন্যা ত্রাণ বাবদ কোনো সাহায্য পশ্চিমবঙ্গ পায়না।

(বাইট- মমতা বন্যা)

বাংলা শস্য বিমা প্রকল্পের পুনর্নবিকরণের সময়সীমা ৩১শে অক্টোবর পর্যন্ত বাড়ানোর কথাও ঘোষণা করেন তিনি।

গজলডোবায় সম্প্রতি বিদ্যুৎস্পৃষ্ট হয়ে একই পরিবারের চারজনের মৃত্যু হয়। সেই পরিবারটির হাতে আজ পাঁচ লক্ষ টাকার চেক তুলে দেন মুখ্যমন্ত্রী। শিলিগুড়ির বিধান নগরে বিধ্বংসী অগ্নিকাণ্ডে পুড়ে যাওয়া দোকানগুলির জন্যেও এক লক্ষ ও ৫০ হাজার টাকার চেক ক্ষতিগ্রস্তদের হাতে তুলে দিয়েছেন মুখ্যমন্ত্রী।

আজকে বৈঠকে উপস্থিত ছিলেন, উত্তরবঙ্গের সব জেলার জেলা শাসক এবং প্রশাসনের কর্তা ব্যক্তির। মুখ্যমন্ত্রী জানান, ধসে ক্ষতিগ্রস্ত ১০ নম্বর জাতীয় সড়ক মেরামতির ব্যাপারে কেন্দ্রকে চিঠি দেওয়া হয়েছে।

এদিকে, বিহারে কোশী নদীর ব্যারেজ থেকে ছাড়া কয়েক লক্ষ কিউসেক জলে মালদায় গঙ্গার জলস্তর এক ধাক্কায় প্রায় চার ফুট বেড়ে যাওয়ার আশঙ্কা। আগেভাগেই তাই সতর্ক জেলা প্রশাসন। কালিয়াচক-৩নং ব্লকে নদী তীরবর্তী ছয়টি অঞ্চলে আজ সকাল থেকে চলছে মাইকিং। ওই সব এলাকা আজ পরিদর্শন করেন মালদার অতিরিক্ত জেলাশাসক দেবাহতি ইন্দ্র।

এদিকে, বিহারে কোশি নদীর বাঁধ খুলে দেওয়ায় হু হু করে জল ঢুকতে পারে মানিকচকের গঙ্গা ও ফুলহর নদীতে। সেই আশঙ্কার কথা মাথায় রেখে প্রশাসনের তরফে আজ লাল সতর্কতা জারি করা হয়। মানিকচকের ভূতনীর দক্ষিণ চন্ডীপুর, উত্তর চন্ডীপুর, হীরানন্দপুর এবং মথুরাপুর ও গোপালপুর, এই পাঁচটি অঞ্চলে।

সকালে ভূতনী ব্রীজ সংলগ্ন এলাকায় গিয়ে পরিস্থিতি সম্পর্কে খোঁজখবর নেন জেলাশাসক নীতিন সিংহানিয়া। ভূতনীর বন্যা দুর্গতদের জন্য ত্রাণ সাহায্য পাঠানোর ব্যবস্থা করেন। এরপর যান মানিকচক ব্লক অফিসে।

পশ্চিম মেদিনীপুরের ডেবরা ব্লকে বন্যা কবলিত গোলগ্রাম গ্রাম পঞ্চায়েত এলাকায় আজ ত্রাণ বিলি করেন বিজেপির রাজ্য সভাপতি, কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার। গ্রামবাসীদের সঙ্গে কথা বলেন তিনি।

এদিকে, শ্রী মজুমদার চলে যাবার পর ত্রাণের অপ্রতুলতা এবং বেছে বেছে বিজেপি কর্মীদের ত্রাণ বিলির অভিযোগে বিক্ষোভ দেখান দুর্গত মানুষ।

সুপ্রিম কোর্টে আগামীকাল RG Kar মামলার ফের শুনানি হবে। প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বে তিন বিচারপতির বেঞ্চে এই মামলার শুনানির দিকে তাকিয়ে সব পক্ষ। ১৭ই সেপ্টেম্বরের শুনানিতে তদন্তের অগ্রগতি নিয়ে CBI-এর রিপোর্টে উদ্বেগ প্রকাশ করে প্রধান বিচারপতি বলেছিলেন, তিনি বিচলিত। এই শুনানির পর মুখ্যসচিবের সঙ্গে জুনিয়ার ডাক্তারদের বৈঠকের ভিত্তিতে স্বাস্থ্য দপ্তরের জন্য ১০ দফা নির্দেশিকা জারি করে রাজ্য সরকার। ২১শে সেপ্টেম্বর কর্ম বিরতি আংশিক তুলে নিয়ে জুনিয়ার ডাক্তাররা জরুরী বিভাগে কাজে যোগ দেন। আগামীকাল শীর্ষ আদালতে তদন্তের তৃতীয় স্টেটাস রিপোর্ট জমা দেবে সি বি আই।

এদিকে, আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখতে আজ এখানে যান কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা। হাসপাতালের জরুরি বিভাগেও তিনি যান। হাসপাতালের নিরাপত্তা ব্যবস্থা ও সার্বিক পরিস্থিতি খতিয়ে দেখেন।

সিপিআইএম ও তাদের ছাত্র মহিলা ও যুব সংগঠন আজ ন্যায় বিচারের দাবিতে বারাসাত থেকে আর জি কর হাসপাতাল পর্যন্ত মিছিল করে।

আরজি করের ঘটনার প্রতিবাদে এবং দোষীদের শাস্তির দাবিতে পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে বিজেপি মহিলা মোর্চার পক্ষ থেকে আজ বিকেলে মিছিল করা হয়। দুর্গাপুরের ভিরিঙ্গি থেকে প্রান্তিকা মোড় পর্যন্ত এই মিছিলে নেতৃত্ব দেন বর্ধমান সাংগঠনিক জেলার মহিলা মোর্চার সহ সভাপতি মনীষা শিকদার। উপস্থিত ছিলেন, দুর্গাপুর পশ্চিমের বিধায়ক লক্ষণ ঘড়ুই সহ অন্যান্য নেতৃবৃন্দ।

রোগী মৃত্যুর জেরে পরিবারের হাতে ডাক্তার ও নার্সদের আক্রান্ত হওয়ার প্রতিবাদে উত্তর ২৪ পরগণার কামারহাটি সাগর দত্ত মেডিক্যাল কলেজ হাসপাতালে জুনিয়ার ডাক্তারদের কর্ম বিরতি চলছে।

এদিকে, শুক্রবারের ওই ঘটনার পর হাসপাতালের নিরাপত্তা অনেকটাই বাড়ানো হয়েছে। একজন অফিসার ও চারজন কনস্টেবল ২৪ ঘন্টা এমার্জেন্সি বিভাগের সামনে মোতায়েন থাকবেন। সব মিলিয়ে এখন নিরাপত্তার দায়িত্বে রয়েছেন ৪৪ জন পুলিশ কর্মী।

এদিন জুনিয়ার ডাক্তারদের প্রতি সমমর্মিতা জানাতে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার ও দলের নেতা কর্মীরা সাগর দত্ত হাসপাতালে গেলে বিক্ষোভ মঞ্চে ধর্নায় বসা চিকিৎসকরা প্রতিবাদ জানান। তাঁরা বলেন, অরাজনৈতিক এই মঞ্চে কোনো রাজনৈতিক ব্যক্তির উপস্থিতি কাম্য নয়। ‘গো ব্যাক’ স্লোয়ান/ও দেওয়া হয় তাঁদের উদ্দেশে।

আন্দোলনকারী চিকিৎসক ডাক্তার আকাশ রায় বলেন, হাসপাতালে ডাক্তারদের অবস্থা সম্পর্কে সহানুভূতিশীল হলে শুভঙ্করবাবুরা প্রথম দিন থেকেই আন্দোলনে সামিল হতেন।

(বাইট- ডাক্তার আকাশ)

অন্যদিকে, প্রদেশ কংগ্রেস সভাপতি বলেন, রাজনৈতিক পতাকা ছাড়াই সাধারণ নাগরিক হিসেবে তাঁরা ডাক্তারদের আন্দোলনকে সমর্থন করতে এসেছিলেন। তিনিও চাননা, এই আন্দোলনে কোনো রাজনীতির রঙ লাগুক।

(বাইট- কংগ্রেস শুভঙ্কর)

সন্ধ্যায় সাগর দত্ত হাসপাতালের জুনিয়ার চিকিৎসকরা মশাল মিছিল বের করেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, সময় বদলে যাওয়ার সঙ্গে সঙ্গে চাকরির ধরণও পাল্টাচ্ছে। গেমিং, অ্যানিমেশান, রিল মেকিং, ফিল্ম মেকিং এবং পোস্টার মেকিং-এ পারদর্শিতা দেখানোর জন্য কেন্দ্রীয় সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রক, ক্রিয়েট ইন ইন্ডিয়া থিমের অধীনে শুরু করেছে ২৫-টি চ্যালেঞ্জ। এই চ্যালেঞ্জগুলি যুবশক্তির প্রতিভা বিকাশে সাহায্য করবে। আজ আকাশবাণীতে তাঁর মাসিক বেতার অনুষ্ঠান মন কি বাত-এর ১১৪ তম পর্বে প্রধানমন্ত্রী সরকারের এই উদ্যোগে সামিল হওয়ার জন্য যুবদের প্রতি আবেদন জানান।

(বাইট- MKB যুবশক্তি চ্যালেঞ্জ- ২২ সেকেন্ড)

তিনি বলেন, সারা দেশে ‘মেক ইন ইন্ডিয়া’ কর্মসূচী গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। চলতি মাসেই এই কর্মসূচি ১০ বছর পূর্ণ করেছে। সরকারের এই উদ্যোগের ফলে লাভবান হয়েছে ক্ষুদ্র ও মাঝারি শিল্প ক্ষেত্র।

জল সংরক্ষণের প্রয়োজনীয়তার কথা মনে করিয়ে দিয়ে প্রধানমন্ত্রী বলেন, দেশের বিস্তীর্ণ অংশে যে প্রবল বৃষ্টিপাত হচ্ছে, সেই জল ধরে রাখতে পারলে আগামী দিনগুলিতে জল সংকটের হাত থেকে দেশ রক্ষা পেতে পারে। এব্যাপারে প্রচারাভিযান শুরু হয়েছে। এই প্রসঙ্গে উত্তরপ্রদেশের ঝাঁসির বুন্দেলখন্ডের মহিলাদের উদ্যোগের প্রশংসা করেন তিনি।

শ্রী মোদী জানান, দোসরা অক্টোবর, স্বচ্ছ ভারত মিশনের ১০ বছর পূর্ণ হবে। এই আন্দোলন এখন বৃহৎ গণ আন্দোলনে রূপ নিয়েছে। স্বচ্ছতাকে অভ্যাসে পরিণত করতে হবে। সকলকে এই অভিযানে যোগ দেবার আহ্বান জানান প্রধানমন্ত্রী।

(বাইট- MKB স্বচ্ছতা ২২ সেকেন্ড)

তিনি বলেন, ভারতে কুড়ি হাজার ভাষা এবং উপভাষা রয়েছে। এখনো এমন অনেক ভাষা রয়েছে, যার ব্যবহারকারীর সংখ্যা খুবই কম। কিন্তু সরকার সেইসব ভাষা সংরক্ষণে উদ্যোগী হয়েছে। যার মধ্যে একটি হল সাঁওতালি।

(বাইট- MKB সাঁওতালি ভাষা ৩২ সেকেন্ড)

‘এক পেড় মাকে নাম’ অভিযানের অভূতপূর্ব সাফল্যের উল্লেখ করে প্রধানমন্ত্রী জানান, পরিবেশ সংরক্ষণের এই অভিযানে দেশের প্রতিটি প্রান্তের মানুষ অংশ নিয়েছেন। উত্তরপ্রদেশ, গুজরাট, মধ্যপ্রদেশ, তেলেঙ্গানা, রাজস্থান লক্ষ্যমাত্রার চেয়েও বেশি গাছ লাগিয়ে নতুন রেকর্ড করেছে।

দোসরা অক্টোবর মন কি বাত এর পথ চলার দশ বছর পূর্ণ হওয়া প্রসঙ্গে এই দীর্ঘ যাত্রাপথে তিনি যেভাবে কোটি কোটি শ্রোতাকে কাছে পেয়েছেন, সেজন্য সবাইকে ধন্যবাদ জানান। এক্ষেত্রে দূরদর্শন, প্রসারভারতী এবং অল ইন্ডিয়া রেডিওর সঙ্গে যুক্ত কর্মীদের বিশেষ প্রশংসা করে তিনি বলেন, তাদের অক্লান্ত প্রয়াসে মন কি বাত আজ মানুষের ঘরে ঘরে পৌঁছে যাচ্ছে।

উত্তরবঙ্গে চলতে থাকা ভারী বৃষ্টি কিছুটা কমেছে। আগামীকাল কোথাও কোথাও হাল্কা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। দোসরা অক্টোবর থেকে পরবর্তী দু-তিন দিন দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং, কোচবিহার ও আলিপুরদুয়ারে বৃষ্টির পরিমাণ বাড়বে বলে আলিপুরের আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছে।

(বাইট- সৌরিশ)
